দৈনিক খবর 5

তারিখ 24 [illegible] 1990
পৃষ্ঠা ১ কলাম ১

## ইসলামী ভার্সিটি শিক্ষক সমিতি

# অবিলম্বে স্থানান্তরের দাবী প্রত্যাহার করুন

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের একমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়কে গাজীপুর থেকে কুষ্টিয়া-যশোরের শান্তিডাংগা দুলালপুরে স্থানান্তরের তীব্র প্রতিবাদ করে ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেছেন, প্রয়োজনে স্থানীয় চাহিদার প্রেক্ষিতে শান্তিডাংগা-দুলালপুরে আরো একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক।

গতকাল মঙ্গলবার সমিতির নেতৃবৃন্দ জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে উল্লেখিত দাবী জানিয়ে বিশ্ববিদ্যালয় স্থানান্তরের আদেশ অবিলম্বে প্রত্যাহার করে পুনরায় শিক্ষা কার্যক্রম চালু করার

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

# অবিলম্বে স্থানান্তর

প্রথম পৃষ্ঠার পর

নির্দেশ দেয়ার জন্যে সরকারের কাছে আহবান জানিয়েছেন। সমিতির সাধারণ সম্পাদক মোঃ আবদুর রব সম্মেলনে অভিযোগ করে বলেন, একজন বিশেষ রাজনৈতিক ব্যক্তি ষড়যন্ত্র করে ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে স্থানান্তরের অপচেষ্টা চালাচ্ছেন।

সম্মেলনে বলা হয়, বিশ্ববিদ্যালয়টি স্থানান্তরের সিদ্ধান্ত ঘোষণার পর ছাত্র-শিক্ষক, স্থানীয় জনগণ ও বিভিন্ন সংগঠন এর তীব্র প্রতিবাদ ও আন্দোলন গড়ে তুলেছেন। আমরাও অবিলম্বে এই হটকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানাচ্ছি। আমরা মনে করছি, যদি প্রয়োজন হয় তাহলে শান্তিডাংগা-দুলালপুরে আরেকটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক। সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি আবু বকর, রফিক আহমদসহ সমিতির অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।